শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা
www.dscc.gov.bd

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০/ ৪৯৫

তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৬/১০/২০২০ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন শ্মশানঘাট পরিচালনা নীতিমালা- ২০২০

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৪১(১) (ক) ধারা এবং একই আইনের তৃতীয় তফসিলের ২৩ নং অনুচ্ছেদে বর্ণিত 'গোরস্থান ও শ্মশান' শীর্ষক কার্যাবলী মোতাবেক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন (ক) পোস্তগোলা ও (খ) কামরাঙ্গীর চর শ্মশানঘাট পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন শ্মশানঘাট পরিচালনা নীতিমালা ২০২০' প্রণয়ন করা হলো। এ নীতিমালা জারীর পর ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নতুন কোন শ্মশানঘাট তৈরী করা হলে, সে শ্মশানঘাটও এ নীতিমালার আওতায় পড়বে।

২.০ সাধারণ নীতিমালা ঃ

২.১ শ্মশানঘাটসমূহে অগ্রিম সমাধি বা অগ্রিম সমাধির জন্য জায়গা সংরক্ষণ সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

২.২ শ্মশানঘাট প্রধানত হিন্দু সম্প্রদায়ের সৎকারের জন্য সাধারণ এলাকা হিসেবে বিবেচিত হবে।

২.৩ শ্মশানঘাটে সমাধিসমূহ সাধারণ এবং সংরক্ষিত হিসাবে চিহ্নিত থাকবে।

২.৪ প্রতিটি শ্মশানঘাটে প্রয়োজনে ১টি মাত্র সার্বজনিন মন্দির নির্মাণ করা যাবে। যা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত একটি কমিটি কর্তৃক পরিচালিত হবে। উক্ত কমিটিতে স্থানীয় হিন্দু প্রতিনিধি ও মহানগর সার্বজনিন পূজা কমিটির সদস্য থাকবে। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/তাঁর মনোনীত প্রতিনিধি উক্ত কমিটির সভাপতি/আহবায়ক হবেন।

২.৫ সকল শ্মশানঘাটে শবদাহের নিবন্ধন ফি ১০০০/- (এক হাজার) টাকা (পরিসেবা ও দাহের ব্যয় ব্যতীত) নির্ধারণ করা হল (বেওয়ারিশ লাশের ক্ষেত্রে উহা প্রযোজ্য নহে)। তবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এ ক্ষেত্রে অন্যরূপ সিদ্ধান্ত গ্রহণ করলে তদানুযায়ী ব্যবস্থা গৃহীত হবে।

২.৬ শ্মশানঘাটের নিরাপত্তা, পবিত্রতা ও সুষ্ঠু পরিবেশ সংরক্ষণের বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন প্রয়োজনীয়/যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২.৭ শ্মশানঘাটে সাধারণভাবে সকাল ৬.০০টা থেকে রাত ১২.০০টা পর্যন্ত মরদেহ সমাহিত/ সৎকার/ দাহ করা যাবে। তবে বিশেষ অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে এ সময়সীমার পরেও শবদাহ সমাহিত/সৎকার/দাহ করা যাবে।

২.৮ শ্মশানঘাটে গ্যাসের সংযোগ স্থাপিত হলে গ্যাসের চুলা দ্বারা দাহের ক্ষেত্রে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত গ্যাস বিল মৃতের প্রতিনিধির মাধ্যমে পরিশোধ করতে হবে।

২.৯ শ্মশানে সৎকারকৃত (সমাহিত/ দাহকৃত) মৃত ব্যক্তিদের একটি উপাত্ত-ভান্ডার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক পর্যায়ক্রমে তৈরী ও সংরক্ষণ করার ব্যবস্থা করতে হবে।

২.১০ সমাহিতের সংখ্যার উপর ভিত্তি করে প্রযোজ্য ক্ষেত্রে ধর্মীয় অনুশাসন অনুযায়ী যথাসময় পর পর সাধারণ সমাধি চালার মাধ্যমে নতুনভাবে তা ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হবে।

২.১১ প্রতিটি শ্মশানে লাশের স্নান ঘর ও অপেক্ষমান কক্ষ থাকবে।

২.১২ সমাধিতে ছোট জাতের ফুল গাছ (বুশ জাতীয় গাছ) ব্যতীত অন্য কোন গাছ লাগানো যাবে না।

২.১৩ শ্মশানে 'সংরক্ষিত' হিসাবে চিহ্নিত ব্যতীত অন্যান্য সকল সমাধি 'সাধারণ সমাধি' হিসেবে বিবেচিত হবে।

২.১৪ সাধারণ সমাধির ক্ষেত্রে শুধু নির্ধারিত নিবন্ধন ফি প্রযোজ্য হবে। দাহের ক্ষেত্রে দাহের ব্যয়/দাহ করণের সরঞ্জাম ব্যয় মৃতের প্রতিনিধি কর্তৃক ব্যবস্থা/পরিশোধ করতে হবে। তবে, বেওয়ারিশ শবদেহ সমাধি/দাহ/সৎকারের ব্যয়ভার সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তার মাধ্যমে নিস্পত্তি হবে।

২.১৫ শিশু (৫ বছর পর্যন্ত) ও যে সকল গোত্রের মৃতদেহ দাহ করা হয় না তাদের সৎকারের জন্য শ্মশান ঘাটের এক পঞ্চমাংশ এলাকা নির্ধারণ করে রাখা যেতে পারে। যা সাধারণ এলাকা হিসেবে বিবেচিত হবে।

চলমান পাতা-২

২.১৬ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য আলাদা একটি লাইন থাকবে যা সাধারণ সমাধি হিসেবে বিবেচিত হবে।

২.১৭ ইতিপূর্বে মেয়াদ ভিত্তিক সংরক্ষিত সমাধি নির্ধারিত মেয়াদ শেষে তা নবায়ন/সময় বর্ধিত না করা হলে তা সাধারণ সমাধির জায়গা হিসেবে বিবেচিত ও ব্যবহৃত হবে।

২.১৮ প্রতিটি শ্মশানঘাটের জন্য প্রস্তুতকৃত মহাপরিকল্পনা সংশ্লিষ্ট শ্মশানঘাটে সংরক্ষণ ও প্রদর্শন করতে হবে। মহাপরিকল্পনা অনুযায়ী শ্মশানঘাটে প্রতিটি সমাধি/স্মৃতি ফলকের নম্বর, সারি নম্বর ও রাস্তার নম্বর দেয়ার ব্যবস্থা থাকবে যাতে সহজে সমাধি/স্মৃতি ফলক সনাক্ত করা যায়।

২.১৯ সমাধি/ দাহ/ সৎকারের সময় মৃত ব্যক্তির পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে। তৎসময় পরিচয়পত্র না থাকলে, তখন স্থানীয় উপযুক্ত ব্যক্তির সুপারিশ থাকতে হবে। সুপারিশকারীর সঙ্গে দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট শ্মশানঘাটের পুরোহিত মোবাইলে/ফোনে সরাসরি কথা বলে বিষয়টি নিস্পত্তি করবেন। সুপারিশকারীর নাম ও মোবাইল নম্বর রেজিস্টারে লিখে রাখতে হবে।

২.২০ অস্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে (গুলিবিদ্ধ, অস্ত্রের আঘাতে মৃত্যু, বিষ প্রয়োগে মৃত্যু, আত্মহত্যা, দূর্ঘটনায় মৃত্যু ইত্যাদি) জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি/ ময়না তদন্ত প্রতিবেদন/ পুলিশের ছাড়পত্র বা প্রত্যয়ন ছাড়া লাশ দাহ করা যাবে না।

৩.০ *<u>সংরক্ষণের জন্য প্রযোজ্য নীতিমালা</u> ঃ*

৩.১ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ শুধুমাত্র (ক) জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতিপ্রাপ্ত/বরেণ্য ব্যক্তিবর্গ ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা; (খ) সমাজে বিশিষ্ট ভূমিকা/অবদান রাখা ও পদস্থ কর্মকর্তা এবং (গ) কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় কোন ব্যক্তির দাফনকৃত সমাধি নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ১০/১৫/২০/২৫ বছরের জন্য অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য বিবেচনা করতে পারবেন। উপরোক্ত 'ক' চিহ্নিত জাতীয় পর্যায়ে স্বীকৃতিপ্রাপ্ত/বরেণ্য ব্যক্তিবর্গ বলতে প্রাক্তন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, প্রাক্তন মেয়র, স্বাধীনতা/একুশে পদক প্রাপ্ত ব্যক্তি, জাতীয় অধ্যাপক ও বিদেশ হতে খেতাব প্রাপ্ত ব্যক্তিবর্গকে বোঝাবে।

৩.২ শ্মশানঘাটের পবিত্রতা ও ধর্মীয় অনুভূতির প্রতি দৃষ্টি রেখে শ্রদ্ধার্ঘ নিবেদনের স্বার্থে দাহের ক্ষেত্রে সর্বনিম্ন ১০(দশ) বছরের জন্য স্মৃতি স্তম্ভ/ ফলক স্থাপন করা যেতে পারে।

৩.৩ *সংরক্ষিত সমাধির ক্ষেত্রে নির্ধারিত নিবন্ধন ফি ছাড়াও নিম্নলিখিত হারে সংরক্ষণ ফি প্রদান করতে হবে।*

*(ক) <u>সংরক্ষিত সমাধির সংরক্ষণ ফি</u> ঃ*

| ব্যক্তিবর্গ | | মাপ | সংরক্ষণের ফি (টাকায়) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ১০ বছর মেয়াদী | ১৫ বছর মেয়াদী | ২০ বছর মেয়াদী | ২৫ বছর মেয়াদী |
| 'ক' 'খ' ও 'গ' ক্যাটাগরী চিহ্নিত | সমাধির ক্ষেত্রে | ৮x৪ (উচ্চতা ৩' এর বেশী হবে না) | ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১৫,০০,০০০/- | ২০,০০,০০০/- |
| | দাহের ক্ষেত্রে | ৪x৪ (উচ্চতা ৩' এর বেশী হবে না) | ৩,০০,০০০/- | ৫,০০,০০০/- | ৭,৫০,০০০/- | ১০,০০,০০০/- |

*(খ) সংরক্ষিত সমাধিতে পুনঃসমাধি ফি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা।*

৩.৪ প্রতিটি সমাধির জন্য নিজস্ব সীমানা/আয়তন নির্ধারিত থাকবে। দাহের ক্ষেত্রে ৪x৪ পরিমাপে সংরক্ষণ এবং সমাধির ক্ষেত্রে ৮x৪ পরিমাপে সংরক্ষণ করা যাবে। ২৫ বৎসর সংরক্ষিত সমাধির ক্ষেত্রে অস্থায়ী স্থাপনার উচ্চতা ৩ (তিন) ফুট এর বেশী হবে না।

৩.৫ পূর্বে ও বর্তমানে বরাদ্দকৃত জায়গার বেশী জমি কোন ক্রমেই ব্যবহার করা যাবে না।

৩.৬ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত ক্রমানুসারে সমাধি সংরক্ষণ করতে হবে।

৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শ্মশানঘাটসমূহের সমাধি সংরক্ষণ করার আবেদনসমূহ নীতিমালার আলোকে মাননীয় মেয়র এঁর নির্দেশক্রমে উপস্থাপন করা যাবে।

চলমান পাতা-৩

৫. এই নীতিমালা জারি করার পরে, পূর্বে জারীকৃত শ্মশানঘাট পরিচালনা সংক্রান্ত সকল নীতিমালা বাতিল বলে গণ্য হবে। তবে, পূর্বের নীতিমালায় গৃহীত সিদ্ধান্তসমূহ বলবৎ থাকবে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ প্রয়োজনের নিরিখে এ নীতিমালা সংশোধন, পরিবর্তন ও সংযোজন করতে পারবে।

৬. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন-৯৫৬৩৫০৭
secretary@dscc.gov.bd

২২ আশ্বিন-১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং ৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০/ ৪৯৫ তারিখঃ 05/10/2020 খ্রিস্টাব্দ

*<u>সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>* ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল)........................................., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-............, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৮। সমাজকল্যাণ কর্মকর্তা (সকল), অঞ্চল-..........., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৯। সংশ্লিষ্ট শাখা সহকারী, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১০। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১১। মোহরার,...[illegible]........কবরস্থান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১২। অফিস আদেশ বহি।
১৩। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০, তারিখ-২০/০৮/২০২০ খ্রিঃ)।

(মুহাম্মদ মোতালেব)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা